# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩১১. আজীবন রোযা রাখার সংকল্প করা

আব্দুল্লাহ্ বিন্ 'আমর বিন্ 'আস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

لاَ صَامَ مَنْ صَامَ الْأَبَدَ ، لاَ صَامَ مَنْ صَامَ الْأَبَدَ ، لاَ صَامَ مَنْ صَامَ الْأَبَدَ

“যে ব্যক্তি আজীবন রোযা রাখলো সে যেন কার্যত কোন রোযাই রাখেনি। যে ব্যক্তি আজীবন রোযা রাখলো সে যেন কার্যত কোন রোযাই রাখেনি। যে ব্যক্তি আজীবন রোযা রাখলো সে যেন কার্যত কোন রোযাই রাখেনি”।[1]

অন্য বর্ণনায় রয়েছে,

لاَ صَامَ مَنْ صَامَ الْأَبَدَ صَوْمُ ثَلاَثَةِ أَيَّامٍ مِنَ الشَّهْرِ صَوْمُ الدَّهْرِ كُلِّهِ

“যে ব্যক্তি আজীবন রোযা রাখলো সে যেন কার্যত কোন রোযাই রাখেনি। প্রতি মাসের তিনটি রোযা আজীবন রোযা রাখার সমতুল্য”।[2]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১১৫৯)

[2] (নাসায়ী, হাদীস ২৪১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11561

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন